FEB. 1 [illegible]

তারিখ ...
পৃষ্ঠা ... কলাম ...

দৈনিক জনকণ্ঠ

# খুলনা ভার্সিটির সমাবর্তন কাল ॥ প্রস্তুতি সম্পন্ন

**গৌরাঙ্গ নদী, খুলনা অফিস** ॥ আগামীকাল বুধবার খুলনা বিশ্ববিদ্যালয়ের দ্বিতীয় সমাবর্তন অনুষ্ঠান। আজ মঙ্গলবার সমাবর্তন র‍্যালির মহড়া অনুষ্ঠিত হবে। প্রতিষ্ঠানটির তিন গ্র্যাজুয়েটকে তাদের অত্যুজ্জ্বল ফলাফলের জন্য চ্যান্সেলর স্বর্ণপদকসহ চার শতাধিক উত্তীর্ণ শিক্ষার্থীকে সনদ তুলে দেবেন বিশ্ববিদ্যালয়ের আচার্য রাষ্ট্রপতি বিচারপতি, সাহাবুদ্দীন আহমদ। এ উপলক্ষে অপরূপ সাজে বিশ্ববিদ্যালয়কে সাজানো হয়েছে। প্রথম সমাবর্তন অনুষ্ঠানেও দু'জন কৃতী শিক্ষার্থীকে স্বর্ণপদকে ভূষিত করা হয়েছিল। সমবার্তন উপলক্ষে সোমবার বিকালে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য তার কার্যালয়ে এক প্রেস ব্রিফিং-এ বক্তব্য রাখেন। তিনি বলেন, অনুষ্ঠানে মোট ৪১১ জন গ্রাজুয়েটকে আনুষ্ঠানিকভাবে ডিগ্রী প্রদান করা হবে। সমাবর্তন বক্তা থাকবেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান প্রফেসর ডঃ এটিএম জহুরুল হক। শিক্ষামন্ত্রী এএইচএসকে সাদেকসহ মন্ত্রিবর্গ, এ অঞ্চলের সংসদ সদস্যবৃন্দ, বিদেশী কূটনীতিক, অন্য বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ও শিক্ষাবিদগণ অনুষ্ঠানে উপস্থিত থাকবেন। অত্যুজ্জ্বল ফলাফলের জন্য যাঁরা চ্যান্সেলর স্বর্ণপদক পাচ্ছেন তাঁরা হচ্ছেন কম্পিউটার এ্যান্ড ইঞ্জিনিয়ারিং ডিসিপ্লিনের শেখ মোস্তফা আল মাসুম ও কেএম আজহারুল হাসান এবং ব্যাসায় প্রশাসন ডিসিপ্লিনের সৈয়দ মাহবুব আলী।